আজকের কাগজ

তারিখ 23 DEC 1993
পৃষ্ঠা ৮ কলাম ৭

# কিন্ডারগার্টেন ফেডারেশন ৫ দফা দাবি জানিয়েছে

কাগজ প্রতিবেদক ঃ বাংলাদেশ কিন্ডারগার্টেন এ্যান্ড প্রি-ক্যাডেট ফেডারেশন ৫ দফা দাবি পেশ করেছে। গতকাল জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে ফেডারেশনের চেয়ারম্যান এবিএম সামছুদ্দিন এ দাবিনামা উথাপন করেন। ৫ দফার মধ্যে রয়েছে আগের মতো এসব প্রতিষ্ঠানে প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত বোর্ডের পাঠ্যপুস্তক সরবরাহ, বিদ্যুৎ, পানি ও গ্যাস বিল বাণিজ্যিক হারে প্রদানের নোটিশ প্রত্যাহার, আয়কর প্রদানের নোটিশ প্রত্যাহার, শিক্ষক ভাতা প্রদান ও স্থগিত রেজিস্ট্রেশন প্রথা চালু করা।

এ দাবি আদায়ে নিয়মতান্ত্রিক আন্দোলনের লক্ষ্যে কিন্ডারগার্টেন এসোসিয়েশন, প্রি-ক্যাডেট এ্যান্ড কিন্ডারগার্টেন এসোসিয়েশন, কিন্ডারগার্টেন পরিচালক সমিতি ও কিন্ডারগার্টেন শিক্ষক সমিতি মিলে উক্ত ফেডারেশন গঠন করা হয়েছে বলে সংবাদ সম্মেলনে উল্লেখ করা হয়। সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন গোলাম নবী, মেজবাউল হক, মঞ্জুর আহমেদ, কাইদুজ্জামান আজাদ, গোলাম মোস্তফা খান, ওয়াহিদুল হোসেন খান, হাবিবুর রহমান খান, লতিফা আক্তার নিলু ও মাহবুবুর রহমান।